ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




স্বামী ও বোনের কাণ্ড নিয়ে মুখ খুললেন কারিনা

পৃঃ ৫



৩২ মিনিটেই লেভার দুর্দান্ত হ্যাটট্রিক বার্সার অনায়াস জয়

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৭৯ ● কলকাতা ● ৩০ আশ্বিন, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ১৭ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ভূস্বর্গের মসনদে মুখ্যমন্ত্রীর পদে

# শপথ নিলেন ওমর আবদুল্লা



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** দীর্ঘ ছয় বছর পর ভূস্বর্গে মুখ্যমন্ত্রীর পদে শপথ নিলেন ওমর আবদুল্লা। ন্যাশনাল কনফারেন্সের বিধায়ক সুরিন্দর কুমার চৌধুরী উপ মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন। শ্রীনগরের শের-ই-কাশ্মীর ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে ওমর আবদুল্লা এবং সুরিন্দর র কুমার চৌধুরী ছাড়াও যে সকল বিধায়ক শপথ নিলেন তাঁরা হলেন ন্যাশনাল কনফারেন্সের সাকিনা ইতু, জাভিদ দার, নির্দলীয় প্রার্থী সতীশ শর্মা, এবং জাভিদ রানা।

জম্মু-কাশ্মীর থেকে ৩৭০ ধারা প্রত্যাহারের পর প্রথম নির্বাচনে বিজেপিকে হারিয়ে এনসিসি ও কংগ্রেসের জোট সরকার গঠন করেছে। জম্মু-কাশ্মীরের কংগ্রেস ইনচার্জ ভারত সিং সোলাঙ্কি জানিয়েছেন " ন্যাশনাল কনফারেন্স এবং কংগ্রেসের মধ্যে আলোচনা চলছে। আলোচনা শেষ হলে সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে। তবে বিষয়টির সমাধান সূত্র না মেলায় কংগ্রেসের কোন বিধায়ক আজ শপথ নিবেন না। কংগ্রেস সরকারের অংশ থাকবে নাকি বাইরে থেকে সমর্থন দেবে, তা নিয়েও কথা চলছে"। কংগ্রেসের এই ঘোষণা নিয়ে রাজনৈতিক মহলে তোলপাড় শুরু হয়েছে। জম্মু-কাশ্মীরে ন্যাশনাল কনফারেন্স এবং কংগ্রেস

এরপর ৩ পাতায়

## বঙ্গ বিজেপির পরবর্তী সভাপতি কে?

# চর্চায় শমীক-জ্যোতির্ময়-দিলীপ-শুভেন্দুর নাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনে জয়ের পর কেন্দ্রীয় মন্ত্রী হয়েছেন সুকান্ত মজুমদার। ফলত শীঘ্রই নতুন রাজ্য সভাপতির নাম ঘোষণা করবে বিজেপি। কিন্তু বঙ্গ বিজেপির পরবর্তী সভাপতি কে হবেন? তা নিয়ে নানামহলে নানা মত। শোনা যাচ্ছে, চর্চায় উঠে এসেছে শমীক ভট্টাচার্য ও জ্যোতির্ময় সিং মাহাতোর নাম।অন্যদিকে জ্যোতির্ময় সিং মাহাতোও কোনও গোষ্ঠী করেন না। বর্তমান রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের প্রিয় ও ঘনিষ্ঠ বলেই পরিচিত। তিনি জঙ্গলমহল থেকে পৌঁছেছেন সংসদে। বঙ্গ বিজেপির অন্যতম সাধারণ সম্পাদকও। তা ছাড়া, সংঘের ঘনিষ্ঠ। তবে তিনি মিতভাষী। দলের কর্মসূচিতে মঞ্চে সঞ্চালনার জন্য বারে বারে তাঁর হাতেই মাইক তুলে দেন নেতৃত্ব। তবে আক্রমণ করতে গিয়ে কখনও শালীনতার সীমা ছড়িয়েছেন, এ অভিযোগ তাঁর বিরুদ্ধে নেই। আদিবাসী-কুড়মি দ্বন্দ্বের মধ্যে পুরুলিয়ায় কঠিন লড়াই করে সংসদে গিয়েছেন। কিন্তু বর্তমানে জ্যোতির্ময় হঠাৎই সক্রিয় হয়ে উঠেছেন। গত দেড় মাসে বিভিন্ন ইস্যুতে একাধিক চিঠি লিখে ফেলেছেন কেন্দ্রে। তাঁর আক্রমণের লক্ষ্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ফলে পরবর্তী রাজ্য সভাপতি হিসেবে তাঁর নাম হঠাৎ করেই ভেসে উঠেছে। দলের একটি অংশের ব্যাখ্যা, জ্যোতির্ময় একটি নির্দিষ্ট অঞ্চল এবং সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করেন। তাঁর সার্বিক গ্রহণযোগ্যতা নেই। তাই তাঁকে রাজ্য সভাপতির মতো গুরুদায়িত্ব নাও দিতে পারে দল। তবে সম্ভাব্য তালিকায় তিনি প্রথমদিকেই রয়েছেন। একাধিক নাম চর্চায় থাকলেও

এরপর ৩ পাতায়

## মোদির হাতে শুরু

# বিজেপির সক্রিয় সদস্য সংগ্রহ অভিযান, সাংগঠনিক নির্বাচন ডিসেম্বরে



**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা বা রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারের চেয়ারে কে বসবেন? নতুন বছরে প্রথমদিকেই তা ঠিক হয়ে যাবে। ডিসেম্বরের ১ তারিখ থেকে সাংগঠনিক নির্বাচনের প্রক্রিয়া শুরু হবে বলে বুধবার জানিয়েছেন জে পি নাড্ডা। দেশের প্রতিটি রাজ্যের মণ্ডল কমিটি থেকে ভোটাভুটি শুরু হবে বলে জানান তিনি। ২০১৪-তে মোদির ইচ্ছাতেই দেবেন্দ্রকে মুখ্যমন্ত্রী করা হয়েছিল অনেক প্রথম সারির নেতাকে বাদ দিয়ে। তবে ব্রাহ্মণ দেবেন্দ্রকে নিয়ে দলে আপত্তি উঠতে পারে, এমন সম্ভাবনাও উড়িয়ে দেওয়া হচ্ছে না। বিশেষ করে দল

এরপর ৩ পাতায়


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি। এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১



আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)

(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন

সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪

ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা

ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org

এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪

ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই

বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে

সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## ভারতের দক্ষিণাঞ্চলে প্রবল বর্ষণ :

# বন্যা সতর্কতা জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের দক্ষিণাঞ্চলে ভারী বৃষ্টিপাত হয়েছে। বুধবার দেশটির আবহাওয়া কর্মকর্তারা আকস্মিক বন্যা ও ভূমিধসের আশঙ্কা জানিয়ে রেড অ্যালার্ট জারি করেছেন। ভারতের আবহাওয়া বিভাগ জানিয়েছে, ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য তামিলনাড়ু, কর্ণাটক, কেরালা ও অন্ধ্র প্রদেশের কিছু অংশে 'ভারী থেকে অতি ভারী' বৃষ্টিপাত হতে হয়েছে।

গত মঙ্গলবার থেকে প্রবল বৃষ্টি ও ঝড়ো হাওয়া দক্ষিণ ভারতে আঘাত হেনেছে। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, ভারী বর্ষণে দেশটির অনেক স্কুল বন্ধ করে দেওয়া হচ্ছে। এছাড়ও ট্রেন পরিষেবার বিঘ্ন ঘটছে। চেন্নাই শহরে মানুষ জলাবদ্ধ রাস্তায় নৌকা ব্যবহার করছে। কোনো কোনো এলাকার রাস্তায় বৃষ্টির পানি গাড়ির ইঞ্জিনের চেয়ে উঁচুতে পৌঁছে গেছে।

এদিকে তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন জানিয়েছেন, ওপূর্ণোদ্যম্বে ত্রাণ কাজ চলছে। সরকার পরিচালিত রেস্তোঁরায় বিনামূল্যে খাবার সরবরাহের ঘোষণাও দেওয়া হয়েছে।

প্রবল বর্ষণে সৃষ্ট বন্যা ও ভূমিধস দক্ষিণ এশিয়ার দেশগুলোতে একটি সাধারণ ঘটনা। বিশেষজ্ঞরা বলছেন, জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগগুলোর তীব্রতা বৃদ্ধি পাচ্ছে। ভারতের দক্ষিণাঞ্চলীয় হাইটেক হাব হিসেবে পরিচিত বেঙ্গালুরুতে বেশ কয়েকটি রাস্তা পানিতে নিমজ্জিত থাকায় যানজট দেখা দিয়েছে। বৃষ্টিপাতের কারণে ভারত ও নিউজিল্যান্ডের মধ্যকার প্রথম টেস্ট ম্যাচটি বন্ধ রাখা হয়েছে।

## আপনাকে ভোট দিয়েছি, মেয়ে খুঁজে দিন',

# বিধায়ককে কাছে পেয়ে চেপে ধরলেন যুবক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাংসদ, বিধায়কদের মতো জন প্রতিনিধিদের কাছে লোকে চাকরি, সরকারি প্রকল্পে সুবিধা, কেউ কেউ অর্থসাহায্যের দাবি জানান, কিন্তু যোগীরাজ্যের বিধায়কের কাছে আজব আবদার করে চমকে দিলেন এক যুবক। কী চেয়েছেন বছর তেতাল্লিশের ওই ব্যক্তি? যাত্রাপথে জ্বালানি তেল নিতে রাস্তার পাশের এক পেট্রল পাম্পে দাঁড়ায় বিধায়কের গাড়ি।বিধায়কের সঙ্গে স্থানীয় ভোটারের কথোপকথনের ভিডিও ভাইরাল হয়েছে সোশাল মিডিয়ায়। সেখানে ব্রিজভূষণকে বলতে শোনা যায়, "এই কাজের (বধূ খোঁজা) জন্য আমাকে বলছেন কেন?" অখিলেন্দ্র সটান উত্তর দেন "যেহেতু আমি আপনাকে ভোট দিয়েছি।" উত্তরে অবাক হলেও পালটা মজার ছলে বিধায়ক বলেন, "তাহলে আমি আপনার বিয়ে দেব? আর কাউকে বলেছেন?"

বিধায়ক-ভোটারের আলপাচারিতা জারি ছিল বেশ কিছুক্ষণ। বিধায়ক আশ্বাস দেন, মেয়ে খুঁজবেন তিনি, যেহেতু তাঁকে ভোট দিয়েছেন যুবক। আত্মবিশ্বাসী যুবক বায়োডাটাও দেন। জানান, পেট্রল পাম্পে মাসে ৬ হাজার টাকা বেতন পান তিনি। এছাড়াও পারিবারিক সূত্রে ১৩ বিঘা জমি আছে তাঁর। অতএব, বড় হিসেবে মোটেই খারাপ নন তিনি। ভিডিওর শেষপ্রান্তে হাসি মুখে যুবকের দাবিকে সমর্থন জানান বিধায়ক। তখনই ওই পাম্পের অবিবাহিত কর্মী বিধায়কের কাছে গিয়ে বলেন, 'আপনাকে ভোট দিয়েছি, আমাকে বউ যোগাড় করে দিন।'

মাহোবার এক পেট্রল পাম্পে ঘটেছে অদ্ভুত ঘটনা। ওই পাম্পে জ্বালানি তেল নিতে দাঁড়িয়েছিলেন চারখেড়ির বিধায়ক ব্রিজভূষণ রাজপুত। তখনই চারখেড়ির বাসিন্দা পাম্প কর্মী অখিলেন্দ্র খাড়ে বিধায়কের সঙ্গে কথা বলতে চান। অনুমতি পেয়ে এগিয়ে এসে অখিলেন্দ্র যা বলেন, তাতে চমকে ওঠেন ব্রিজভূষণ এবং তাঁর সঙ্গীরা। তিনি ভেবেছিলেন চাকরি, সরকারি প্রকল্পে সুবিধা জাতীয় কিছু চাইবেন যুবক। যদিও অখিলেন্দ্র বলেন, "আমি আপনাকে ভোট দিয়েছি, বিয়ে করতে চাই, আমার জন্য একটা মেয়ে খুঁজে দিন।" বয়স জানতে চাইলে পাম্প কর্মী জানান, ৪৩ বছর বয়স তাঁর।

## পার্থ চট্টোপাধ্যায়ের সুপারিশেই

# ৩১০ জন প্রাথমিকে চাকরি পেয়েছিলেন - চাঞ্চল্যকর দাবি সিবিআই এর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিকাশ ভবন থেকে পাওয়া নথি ঘেঁটে তদন্তকারী সংস্থা সিবিআই -এর আধিকারিকরা দাবি করেছে প্রার্থীদের নামের তালিকা এক আমলাকে পাঠিয়েছিলেন পার্থ চট্টোপাধ্যায়। সেই তালিকার কয়েকজন চাকরি ও পেয়েছেন। অর্থাৎ পার্থ চট্টোপাধ্যায়ের সুপারিশেই অযোগ্যদের প্রাথমিকে চাকরি হয়েছিল এমনই চাঞ্চল্যকর তথ্য জানতে পারা গেছে।

শিক্ষক নিয়োগ দুর্নীতির অভিযোগে ২০২২ সালে তৎকালীন শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে গ্রেফতার করে ইডি। এরপর এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায়ও সিবিআই তাঁকে গ্রেপ্তার করে। এই নিয়ে তখন রাজ্য রাজনীতি তোলপাড় হয়েছিল। টানা তল্লাশীর পর বিকাশ ভবন থেকে প্রচুর নথি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া নথির মধ্যেই ৭৫৩ জনের প্রার্থী তালিকা পাওয়া গেছে। এই তালিকা দেখে সিবিআই দাবি করেছে এরমধ্যে ২০১৪ সালের টেটে ৩১০ জন প্রাথমিকে চাকরি পেয়েছিলেন। অযোগ্য প্রার্থীদের এই নামের তালিকা পার্থ চট্টোপাধ্যায় এক আমলাকে পাঠিয়েছিলেন বলে খবর পাওয়া গেছে।

চলতি মাসের শুরুতে সিবিআই এর বিশেষ আদালতে প্রাক্তন শিক্ষা মন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেতা পার্থ চট্টোপাধ্যায়কে হাজির করানো হয়। তখন সিবিআই এর তরফ থেকে আবেদন জানানো হয় প্রাথমিককে নিয়োগ দুর্নীতি মামলায় পার্থ চট্টোপাধ্যায় ও অন্য অভিযুক্ত অয়ন শীলকে তদন্তের কারণে হেফাজতে নেওয়ার প্রয়োজন। আদালতের অনুমতি পাওয়া মাত্রই পার্থ চট্টোপাধ্যায়কে সিবিআই গ্রেফতার করে। বর্তমানে প্রেসিডেন্সি জেলে রয়েছেন প্রাক্তন এই শিক্ষা মন্ত্রী।

সিবিআই সূত্রে আরো খবর পাওয়া গেছে একাধিক প্রভাবশালির নামও তদন্তে উঠে এসেছে। প্রয়োজনে তাদেরকেও জিজ্ঞাসা বাদ করবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই।

## শুভ প্রবারণা পূর্ণিমা পুজোর

### অনুষ্ঠান হল ব্যান্ডেল কেওটা আনন্দ বৌদ্ধবিহার মন্দিরে



**বেবি চক্রবর্ত্তী: হুগলি : নিউজ সারাদিন :** বুধবার সকালে হুগলি জেলার অন্তর্গত ব্যান্ডেল আনন্দ বিহার বৌদ্ধ বিহার মন্দিরে প্রভু গৌতম বুদ্ধের শুভ প্রবারণা পূর্ণিমা উপলক্ষে এক পুজো পাঠ অনুষ্ঠিত হয়।সকাল ১১ টায় ব্যান্ডেল বৌদ্ধ বিহারের ভিক্ষুক দেবানন্দ(বিহারাধক্ষ্য) বুদ্ধদেবের গান ও মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে তার সেবা কার্য অনুষ্ঠিত হয়েছে।

এই বিশেষ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক অমিত বড়ুয়া, সভাপতি নিরমল বড়ুয়া,সহ-সভাপতি দীনেশ বড়ুয়া, নির্মল বড়ুয়া(বাবু), আনন্দ বৌদ্ধ বিহারের মহিলা ইউনিট এর পক্ষ থেকে যুগ্ম সভানেত্রী পার্বতী বড়ুয়া, পূর্ণিমা বড়ুয়া,, সহসভা নেত্রী সরমা বড়ুয়া, পিংকি বড়ুয়া সহ সঙ্গের আনন্দ বৌদ্ধ বিহার সংঘের সকল সদস্য সদস্যাগণ। পরে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে ব্যান্ডেল বৌদ্ধ বিহার মন্দিরে ভান্তে ভিক্ষুক দেবানন্দ (বিহারাধক্ষ্য) জানালেন গৌতম বুদ্ধের শুভ প্রবারণা পূর্ণিমার পুজোর মধ্য দিয়ে সকল দেশবাসীর শান্তি কামনা করলেন একই সঙ্গে বিশ্বের সবচেয়ে ধনী ব্যবসায়ী রতন টাটার আত্মা শান্তি কামনা করা হয় এবং বুধবার সন্ধ্যায় সকলের মঙ্গল কামনা করে এবং রতন টাটার আত্মার শান্তি কামনা করে ফানুস উড়িয়ে দীপাবলি এবং গৌতম বুদ্ধের পূজোর আনুষ্ঠানিক শুভ সূচনা হয়।

## পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের

# প্রাক্তন সভাপতি অধীর চৌধুরী কে বড়ো দায়িত্ব দিলেন কংগ্রেস



**কলকাতা: নিউজ সারাদিন :** ঝড়খণ্ড বিধানসভা ভোটের জন্য পর্যবেক্ষকদের জন্য নাম মঙ্গলবার এআইসিসি থেকে প্রকাশিত করেছে কংগ্রেস নেতৃত্ব।পর্যবেক্ষকদের তালিকায় জায়গা পেয়েছেন পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি অধীর চৌধুরী, এআইসিসি-র অন্য দু'জন পর্যবেক্ষক হলেন তারিক আনোয়ার এবং ভট্টি বিক্রমক্কা মল্লু।ঘটনাচক্রে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দীপা দাশমুন্সিকেও হিমাচল প্রদেশ, ত্রিপুরা এবং তেলঙ্গানার ভোটে পর্যবেক্ষক করে পাঠিয়ে ভাল ফল পেয়েছিল এআইসিসি। আর এ বার অধীরকে ভিন রাজ্যের দায়িত্বে পাঠিয়ে তাঁর নেতৃত্বও পরখ করে নিতে চাইছে এআইসিসি, এমনটাই মত অনেকের।

লোকসভা নির্বাচনে বহরমপুর থেকে পরাজিত হয়েছেন অধীর। প্রদেশ কংগ্রেস সভাপতির পদ থেকেও অধীরকে সরানো হয়েছে। এখন কেবল তিনি সর্বভারতীয় কংগ্রেসের কার্যকরী কমিটির সদস্য। এ বার বিগত লোকসভায় কংগ্রেসের দলনেতাকে ঝাড়খণ্ডের ভোটের বড় দায়িত্ব দেওয়া হল। ঝাড়খণ্ড মুক্তি মোর্চার সঙ্গে জোট করে ভোটে লড়াই করছে কংগ্রেস। এ ক্ষেত্রে জোটধর্ম পালন করে বিজেপি বিরুদ্ধে লড়াই করে জয় ছিনিয়ে আনাই লক্ষ্য এআইসিসির। তাই তারিক-অধীরদের মতো নেতাদের ঝাড়খণ্ডের বিধানসভা নির্বাচনের দায়িত্ব দেওয়া হয়েছে বলেই মনে করছে কংগ্রেসের একাংশ।

প্রসঙ্গত, ঝাড়খণ্ড পুনর্দখল করতে বিজেপিও বাংলার নেতাদের সক্রিয় করেছে অনেক আগে থেকেই। কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিংহ চৌহানকে মূল দায়িত্ব দেওয়া হলেও, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এবং পশ্চিমবঙ্গে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকেও কাজে লাগাচ্ছে বিজেপি।









## বাড়ির বাথরুম থেকে উদ্ধার

# তৃণমূল নেতার রক্তাক্ত মৃতদেহ আটক দ্বিতীয় পক্ষের স্ত্রী



**হুগলি: নিউজ সারাদিন :** বুধবার অর্থাৎ আজ সকালে বাথরুমের ভিতর থেকে উদ্ধার হয়েছে তৃণমূল নেতার রক্তাক্ত দেহ। তৃণমূলের শ্রমিক সংগঠনের নেতার মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা আরামবাগ মেডিকেল কলেজ হাসপাতাল চত্বর। হাসপাতাল চত্বরে পৌঁছায় আরামবাগ থানার পুলিশ তৃণমূল নেতার পরিবারের অভিযোগ, স্ত্রীই খুন করিয়েছেন। চরম উত্তেজনা আরামবাগ হাসপাতাল চত্বরে। মৃত তৃণমূল নেতার নাম ফায়েজউদ্দিন খান। তিনি আরামবাগের তৃণমূল পরিচালিত টোটো ইউনিয়নের সম্পাদক ছিলেন। বুধবার সকালে আরামবাগের বাসুদেবপুর এলাকায় ওই তৃণমূল নেতার ভাড়া বাড়ির বাথরুম থেকেই তাঁর মৃতদেহ উদ্ধার করে পুলিশ।মৃতের পরিবার সূত্রে দাবি, আরামবাগেরই তিরোল দাদনপুর গ্রামের বাসিন্দা ফায়েজের সঙ্গে বছর খানেক আগে বিয়ে হয়েছিল রেশমা খাতুনের। রেশমা ছিলেন ওই তৃণমূল নেতার দ্বিতীয় স্ত্রী। প্রথম স্ত্রীর সঙ্গে কয়েকবছর আগেই ডিভোর্স হয়ে যায় ওই তৃণমূল নেতার। অভিযোগ, বিয়ের পর থেকেই দ্বিতীয় স্ত্রী রেশমা ফায়েজউদ্দিনকে দেশের বাড়ি ছেড়ে আরামবাগ শহরে বসবাসের জন্য চাপ দিচ্ছিল। সেইমতো গত চার দিন আগে আরামবাগ শহরের বাসুদেবপুর এলাকায় একটি বাড়ি ভাড়া নিয়ে থাকতে শুরু করেন তাঁরা। সেই ভাড়া বাড়ির বাথরুম থেকেই ফায়েজের রক্তাক্ত দেহ উদ্ধার হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। ইতিমধ্যেই অভিযুক্ত স্ত্রীকে আটক করেছে আরামবাগ পুলিশ।

# বেবি পাউডারে ক্যান্সারের উপাদান!
## জনসন অ্যান্ড জনসন-কে ১৮০ কোটি জরিমানা




স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : বিশ্বজুড়ে জনপ্রিয় শিশুদের প্রসাধনী নির্মাতা সংস্থা জনসন অ্যান্ড জনসন। এই সংস্থার প্রসাধনীর মধ্যে বেশ জনপ্রিয় হল পাউডার। আর তা নিয়ে বারবার বিপাকে পড়েছে জনসন অ্যান্ড জনসন। এবার দিতে হবে প্রায় ১৮০ কোটি টাকা জরিমানা। ২০২১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের এক ব্যক্তি অভিযোগ তুলেছিলেন জনসন অ্যান্ড জনসনের পাউডার ব্যবহারের ফলে বিরল ধরনের ক্যান্সার মেসোথেলিয়মা আক্রান্ত হয়েছেন । আর সেই অভিযোগের বিরুদ্ধে কানেকটিকাট সুপিরিয়র কোর্টে দায়ের হয় মামলা। এরপরেই আদালতের বিচারক রায় দেন, 'এই ঘটনার জন্য মামলাকারীকে ১৮০ কোটি টাকা দিতে হবে জনসন অ্যান্ড জনসনকে।'

আদালতে শুনানির সময় মামলাকারীর আইনজীবী দাবি করেন,' বেবি পাউডার পণ্যের মধ্যে রয়েছে অ্যাসবেস্টস (এক ধরনের ক্ষতিকারক ফাইবার) রয়েছে যা ক্ষতিকারক।' তবে অভিযোগ স্বীকার করেনি জনসন অ্যান্ড জনসন। তাদের পাল্টা যুক্তি, 'পাউডারের মধ্যে অ্যাসবেস্টস নেই। যাতে ক্যান্সার হতে পারে।' বলা বাহুল্য, অভিযোগকারী হলেন ইভান প্লটকিন। জনসনের পাউডার ব্যবহারের জন্য তিনি মেসোথেলিওমার মতো বিরল ক্যান্সারে আক্রান্ত হন। নিজে কিছু সুস্থ হয়ে এই ঘটনা নিয়ে তিনি আদালতের দ্বারস্থ হন। এরপরেই মেলে সুরাহা।

উল্লেখ্য, জনসন অ্যান্ড জনসন দীর্ঘদিন ধরে দেশে বেবি পাউডার বিক্রি করে আসছে। কোম্পানির জনসন বেবি পাউডার বাংলাদেশ ও ভারতের বাজারে বেশ জনপ্রিয়। এই পাউডারটি বেশিরভাগ বাড়িতে ছোট শিশুদের জন্য ব্যবহার করা হয়ে থাকে। আর সেই পাউডারকে নিয়ে উঠল চাঞ্চল্যকর তথ্য।

১-ম পাতার পর

# ভূস্বর্গের মসনদে মুখ্যমন্ত্রীর পদে শপথ নিলেন ওমর আবদুল্লা

একসঙ্গে নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করেছিল সেই হিসাবে কংগ্রেসের এই সরকারের একটি অংশ হওয়ার কথা। কিন্তু আজ শপথ গ্রহণের আগে কংগ্রেসের ঘোষণায় জোটের জটের ইঙ্গিত স্পষ্ট কারণ কংগ্রেসের কোন বিধায়ক মন্ত্রী হিসাবে শপথ না নেওয়ার কারন হল মন্ত্রিসভায় এখনো মন্ত্রক ভাগাভাগি নিয়ে আলোচনা চূড়ান্ত হয়নি। কংগ্রেস এইজন্য বাইরে থেকে সমর্থন দিতে পারে। জম্মু-কাশ্মীরে কংগ্রেস সভাপতি তারিক হামিদ কারা জানিয়েছেন " ছটি আসনে হাত শিবির জয়লাভ করলেও আপাতত তারা ক্যাবিনেটে যোগ দেবে না "। জম্মু ও কাশ্মীরকে তার রাজ্য তকমা ফিরিয়ে দেওয়া হোক প্রধানমন্ত্রী জনসভায় এই বিষয়ে প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু জম্মু-কাশ্মীরকে তার রাজ্য তকমা ফেরানো হয়নি। আমরা এতে অখুশি। আর তাই এই মুহূর্তে সরকারে যোগ দেব না কংগ্রেস এই নিয়ে লড়াই চালিয়ে যাবে কেন্দ্রের কাছে কংগ্রেস এমনই দাবি করেছে। এদিনের শপথ গ্রহণ অনুষ্ঠানের নেতৃত্ব দেন জম্মু-কাশ্মীরের লেফটানেন্ট গভর্নর মনোজ সিনহা। প্রসঙ্গত উল্লেখ্য ওমর আবদুল্লা মুখ্যমন্ত্রী হিসাবে দ্বিতীয়বার শপথ নিলেন। এর আগে ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত তিনি উপত্যকার মুখ্যমন্ত্রী ছিলেন। তখন তা ছিল রাজ্য। তবে আগেরবার ওমর যে সরকারে ছিলেন তা কংগ্রেস ও ন্যাশনাল কনফারেন্সের জোট ছিল। কিন্তু এখন কংগ্রেস সরকারে নেই। এই শপথ গ্রহণ অনুষ্ঠানে কংগ্রেস নেতা রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব, ভড়রা কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে উপস্থিত ছিলেন।

১-ম পাতার পর

# বঙ্গ বিজেপির পরবর্তী সভাপতি কে?
## চর্চায় শমীক-জ্যোতির্ময়-দিলীপ-শুভেন্দুর নাম

বঙ্গ বিজেপির পরবর্তী সভাপতি কে হবেন তা ঠিক করবেন মোদি-শাহই। এদিকে, ২৪ অক্টোবর রাজ্যে আসার কথা অমিত শাহর। রাজ্য নেতাদের নিয়ে বৈঠক করবেন তাঁরা।শমীক বর্তমানে দলের রাজ্যসভার সাংসদ ও রাজ্য মুখপাত্র। অন্যদিকে, জ্যোতির্ময় সিং মাহাতো দলের রাজ্য সাধারণ সম্পাদক ও পুরুলিয়ার সাংসদ। রাজ্য সভাপতি হিসাবে প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষের নামও সম্ভাব্য তালিকায় রয়েছে বলেই খবর। নাম রয়েছে সাংসদ জগন্নাথ সরকারেরও।দলের অন্দরে কান পাতলে শোনা যাচ্ছে, সভাপতি হওয়ার দৌড়ে প্রথমে এগিয়ে থেকেও কিছুটা হলেও পিছিয়ে পড়েছেন দিলীপ ঘোষ ও জগন্নাথ সরকাররা। আবার মহিলা মুখ হিসাবে ঘোরাফেরা করছে লকেট চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পল থেকে দেবশ্রী চৌধুরীর নাম। নাম শোনা গিয়েছে দলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়েরও। আবার দলের একাংশ বলছে, শেষমেশ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকেও রাজ্য সভাপতির দায়িত্ব দেওয়া হতে পারে। ছাব্বিশের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে। যদিও সে ক্ষেত্রে বিরোধী দলনেতার মতো গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব কে সামলাবে তা নিয়েও প্রশ্ন রয়েছে। কারণ, শুভেন্দু সফলভাবেই বিরোধী দলনেতার দায়িত্ব সামলাচ্ছেন। ফলে আদি-নব্য দ্বন্দ্বের ছোঁয়া লাগবে না এরকম আবার নাম হচ্ছে শমীক ভট্টাচার্য। যিনি পার্টিতে সকলের কাছে গ্রহণযোগ্য, সুবক্তাও, পরিচিত মুখ। তাই শমীককে রাজ্য সভাপতি করার জন্য দিল্লির কাছে দলের বড় অংশ দাবি জানিয়েছে।

১-ম পাতার পর

# মোদির হাতে শুরু বিজেপির সক্রিয় সদস্য সংগ্রহ অভিযান, সাংগঠনিক নির্বাচন ডিসেম্বরে

যখন দলিত, ওবিসিদের আরও বেশি করে কাছে টানতে চাইছে। তাছাড়া সভাপতি নির্বাচনের আগে মহারাষ্ট্র বিধানসভার ভোট আছে। সেই ভোটে বিজেপির ফলাফলের উপরও নির্ভর করছে দেবেন্দ্র ভাগ্য। মহারাষ্ট্রে তিনিই বিজেপির মুখ। আলোচনায় আছে কেন্দ্রের পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব এবং শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানেরও। সদ্যই হরিয়ানার ভোটে হারা ম্যাচে জয় হাসিল করেছে বিজেপি। কেন্দ্রীয় নেতৃত্বের তরফে সেখানে ভোটের দায়িত্বে ছিলেন ধর্মেন্দ্র। চর্চায় আছে প্রাক্তন মন্ত্রী অনুরাগ ঠাকুরেরও। তাঁকে এবার মন্ত্রী না করায় সভাপতি হিসাবে নাম বিবেচনায় আছে বলে ধরে নিয়েছে দলের একাংশ। এদিকে বুধবার থেকেই শুরু হয়েছে বিজেপির সক্রিয় সদস্য সংগ্রহ অভিযান। তাতে প্রথম সক্রিয় সদস্য হয়েছেন খোদ প্রধানমন্ত্রীনরেন্দ্রমোদি। নাড্ডার এই ঘোষণার পরেই পরবর্তী সভাপতি নিয়ে দলের অন্দরে শুরু হয়েছে জল্পনা। সাংসদ সঞ্জয় বনসল, সম্বিত পাত্র ও দলের সহ-সভাপতি রেখা বর্মাকে নির্বাচনী আধিকারিক হিসাবে নিয়োগ করেছে দল। দলেরনতুনপদাধিকারীদেরবেছে নিতে সাংগঠনিক নির্বাচনের প্রক্রিয়া শুরু করল বিজেপি। ১ ডিসেম্বর থেকে গোটা দেশে দলের কমিটি নির্বাচনের ভোট হবে। তা শুরু করা হবে দলের মণ্ডল কমিটির ভোট দিয়ে। সব স্তরের কমিটির নির্বাচন শেষ ঠিক হবে জাতীয় সভাপতি এবং রাজ্যগুলির সভাপতি পদে কারা দায়িত্ব পাবেন। জে পি নাড্ডা ২০১৯ সাল থেকে বিজেপির সর্বভারতীয় সভাপতির দায়িত্ব সামলাচ্ছেন। বাংলায় সুকান্ত মজুমদার রাজ্য সভাপতি হন ২০২১ সালে। নাড্ডার মতো তাঁরও মেয়াদ শেষ হয়ে গিয়েছে। দুজনেরই জায়গা হয়েছে মোদি মন্ত্রিসভায়। প্রশ্ন হল নাড্ডা, সুকান্তদের স্থলাভিষিক্ত হবেন কে? জাতীয় সভাপতি পদে মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়ণবিসের নাম নিয়ে আলোচনা চলছে দীর্ঘদিন। গত মাসে তিনি একা দেখা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে। সেই বৈঠককে সৌজন্য সাক্ষাৎ বলা হলেও অনেকেই মনে করছেন মোদি মহারাষ্ট্রের এই নেতাকে সভাপতি পদে চাইছেন।

# স্বাধীনতা আন্দোলন ও দেশ গঠনে চারুচন্দ্র ভাণ্ডারীর অবদান



তপনকান্তি মণ্ডল : নিউজ সারাদিন : দক্ষিণ চব্বিশ পরগণা জেলার ভূমিপুত্র স্বদেশ সেবক স্বাধীনতা সংগ্রামী ও সর্বোদয় নেতা চারুচন্দ্র ভাণ্ডারী ছিলেন গান্ধীজির অনুগামী বিশিষ্ট সৈনিক। পরবর্তী কালে আচার্য বিনোবা ভাবে-র নেতৃত্বে সর্বোদয় ও ভূদান যজ্ঞে তিনি হয়ে ওঠেন রাজ্যের পুরোধা। স্বাধীনতার পর তিনি ছিলেন পশ্চিম বঙ্গের প্রথম খাদ্য মন্ত্রী। পরে বিধায়ক ও বিরোধী দলনেতা। সবশেষে ত্যাগ ও সেবার আদর্শে কেটেছে সন্ন্যাস জীবন। ১৯৮১ সালে দক্ষিণ চব্বিশ পরগণা জেলা সংস্কৃতি পরিষদ তাঁকে আদর্শ জাতীয়তাবাদী কর্মী হিসাবে সংবর্ধিত করে। ১৯৮৩ সালের ২৪ এপ্রিল ডায়মণ্ড হারবার ঋষি অরবিন্দ উদ্যানে ছিল তাঁর জীবনের প্রকাশ্য অন্তিম ভাষণ। সেই ভাষণের মধ্যে দেশের মানুষের প্রতি তাঁর সহমর্মিতা ও ভালোবাসার কথা প্রকাশ পায়।

বলিষ্ঠ ও দীর্ঘ দেহের অধিকারী, মার্জিত ও উচ্চশিক্ষিত, অভিজাত ও সম্পন্ন কৃষিজীবী পরিবারের সন্তান চারুচন্দ্রের জন্ম ১৮৯৬ সালের ১৯ অক্টোবর। ডায়মণ্ড হারবার মহকুমার অন্তর্গত কুলপি থানার শ্যামবসুরচক তাঁর পৈত্রিক নিবাস। পিতা যোগেন্দ্রনাথের আদর্শ জীবনযাপন তাঁর মনে প্রথম স্বদেশ সেবার বীজ বপন করে। নবম শ্রেণীতে পাঠ কালে তাঁর পিতৃ বিয়োগ ঘটে। মাতা শৈলবালা দেবী সংসারের হাল ধরেন এবং সন্তানদের আদর্শ শিক্ষা দান ও জীবন গঠনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। হটুগঞ্জ হাইস্কুল, কলকাতার আশুতোষ কলেজ ও রিপন কলেজের পাঠ শেষ করে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে এম, এ, এবং বি, এল, ডিগ্রী অর্জন করেন। আইন পাশ করার পর ডায়মণ্ড হারবার মহকুমা আদালতে আইনজীবী হিসাবে কর্মজীবন শুরু করেন। ডায়মণ্ড হারবারে এই সময়ে তিনি যেখানে বসবাস করতেন কালক্রমে সেই বাড়ী হয়ে ওঠে স্বদেশ সেবা ও সর্বোদয় আন্দোলনের পীঠস্থান যা বর্তমানে গ্রামস্বরাজ ভবন নামে পরিচিত।

১৯৩০ সালে লবণ সত্যাগ্রহ আন্দোলনে সারা দেশ উত্তাল। সেই বছরেই তিনি প্রত্যক্ষ রাজনীতিতে যোগ দিলেন। গঙ্গাধর হালদারের নেতৃত্বে ডায়মণ্ড হারবার মহকুমার বিভিন্ন স্থানে তখন লবণ সত্যাগ্রহ পালিত হচ্ছে। ডায়মণ্ড হারবার থানা অধুনা রামনগর থানার অদূরে নীলা গ্রামে লবণ সত্যাগ্রহ আন্দোলনে ২৪ এপ্রিল পুলিশের গুলিতে শহীদ হলেন ষোড়শ বর্ষীয় কিশোর আশুতোষ দলুই। লবণ সত্যাগ্রহ আন্দোলনে তিনিই ভারতের প্রথম শহীদ। এই আন্দোলনে যুক্ত থাকার অভিযোগে চারুচন্দ্র প্রায় ছমাস কারাদণ্ড ভোগ করেন। জেল থেকে মুক্তি পেয়ে ১৯৩০ সালের নভেম্বর মাসে হটুগঞ্জে গড়ে তোলেন খাদি মন্দির আশ্রম । পরের বছর 'সেবাকেন্দ্র' নামে একটি আশ্রম প্রতিষ্ঠা করেন গৌরীপুর গ্রামে। এই সময় তিনি স্বেচ্ছাশ্রমও দিয়েছেন। সহযোগিদের মধ্যে পেয়েছিলেন শ্রীধর সামন্ত, বিশ্বরঞ্জন সেন, জন রঞ্জন সেন, সৌরেন্দ্রকুমার বসু প্রমুখ সুহৃদজনকে। ডায়মণ্ড হারবারে 'খাদি ভাণ্ডার' প্রতিষ্ঠা হয় ১৯৩১ সালে। ১৯৩৪ সালের মে মাসে ওড়িশার ভদ্রকে গান্ধীজির সঙ্গে সাক্ষাৎ ও আলোচনার পর তিনি জনসেবার নতুন দিশা নিয়ে ফিরে আসেন। অক্টোবরে গান্ধী জয়ন্তী থেকে সুন্দরবন

এরপর ৪ পাতায়

# এবার নিজ্জর খুনে
## কানাডার পক্ষ নিয়ে কূটনৈতিক লড়াইয়ে যোগ দিলো আমেরিকা



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ভারত ও কানাডার মধ্যে গত কয়েকদিনে সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকেছে। এই আবহে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র ম্যাথিউ মিলারকে এই ইস্যুতে প্রশ্ন করা হয়েছিল। তিনি বলেন, "বিষয়টি যখন কানাডার, তখন আমরা দ্ব্যর্থহীন ভাষায় জানাতে চাই, যে অভিযোগ করা হয়েছে তা অত্যন্ত গুরুতর। ভারতকে বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করার আর্জি জানাচ্ছি।'

ভারত-কানাডার দ্বিপাক্ষিক সম্পর্ক তলানিতে ঠেকেছিল ২০২৩ সালের মাঝামাঝি সময় থেকে। খলিস্তানপন্থী নিজ্জরের হত্যার ঘটনায় ভারতের যোগ থাকতে পারে বলে ২০২৩ সালে কানাডার সংসদে দাঁড়িয়ে বিবৃতি দিয়েছিলেন প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। তবে সেই অভিযোগ খারিজ করে দেয় ভারত। আর সেইসঙ্গে গত এক বছরে বারবার বলে এসেছে যে প্রমাণ দেওয়া হোক নয়াদিল্লিকে। সেই প্রমাণ অবশ্য দিতে পারেনি ট্রুডো সরকার।

এদিকে সম্প্রতি কানাডায় নিযুক্ত হাইকমিশনার সঞ্জয় বর্মা-সহ কয়েকজন ভারতীয় কূটনীতিবিদকে একটি মামলার তদন্তে 'পারসন অফ ইন্টারেস্ট' করা হয়। এমনকি তাদের জেরা করতে চাওয়া

এরপর ৪ পাতায়

# পাকিস্তান সফরে জয়শঙ্কর, নৈশভোজে সাক্ষাৎ শাহবাজ শরিফের সাথে



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) বৈঠকে যোগ দিতে পাকিস্তানে গিয়ে কূটনৈতিক বিধি মেনেই ওই দেশের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সাথে সাক্ষাৎ করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে জানানো

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৭৯ সংখ্যা ১৭ অক্টোবর, ২০২৪ বৃহস্পতিবার ৩০ আশ্বিন, ১৪৩১

৩ পাতার পর

## পাকিস্তান সফরে জয়শঙ্কর, নৈশভোজে সাক্ষাৎ শাহবাজ শরিফের সাথে

হয়েছে, ইসলামাবাদে শরিফের আমন্ত্রণে নৈশভোজে যোগ দেন জয়শঙ্কর। সেখানেই দু'জনের সৌজন্য-সাক্ষাৎ হয়।

দু'দিনের এই পাকিস্তান সফরে এসসিও-র বৈঠকে যোগ দেয়ার পাশাপাশি কয়েকটি পার্শ্ববৈঠকেও অংশ নেয়ার কথা তার। তবে সেই তালিকায় নেই পাকিস্তানের কোনো মন্ত্রী-নেতা। ভারত আগেই জানিয়েছিল, জয়শঙ্করের এই সফরের সাথে ভারত-পাকিস্তানের দ্বিপক্ষীয় বৈঠকের কোনো সম্পর্ক নেই। রোববার পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বলেন, 'ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে কোনো পার্শ্ববৈঠকের অনুরোধ পাইনি। আমরাও এই মর্মে কোনো আবেদন করিনি। তবে প্রোটোকল অনুযায়ী সব দেশের নেতাদের মতোই ভারতের পররাষ্ট্রমন্ত্রীকেও স্বাগত জানানো হবে।'

প্রায় ৯ বছর পরে কোনো ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী পাকিস্তানে গেলেন। এর আগে ২০১৫ সালে ভারতের তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ আফগানিস্তান নিয়ে একটি সম্মেলনে যোগ দিতে ইসলামাবাদে গিয়েছিলেন। তার পরের বছর সার্ক-ভুক্ত রাষ্ট্রগুলোর স্বরাষ্ট্রমন্ত্রীদের বৈঠক হয়েছিল পাকিস্তানে, যোগ দিতে গিয়েছিলেন তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিংহ। সেটাই ছিল শেষবার পাকিস্তানের মাটিতে কোনো বহুপক্ষীয় সম্মেলনে ভারতের যোগদান।

## সম্পাদকীয়

### সিভিক ভলেন্টিয়ারদের নিয়ে নির্দেশিকা জারি করলো সুপ্রিম কোর্ট

এবার সিভিক ভলেন্টিয়ারদের নিয়ে এক গুচ্ছ নির্দেশিকা জারি করল সুপ্রিম কোর্ট। মঙ্গলবার আর জি কর মামলার ষষ্ঠ শুনানিতে ফের সিভিক ভলেন্টিয়ার নিয়োগ নিয়ে সুপ্রিম কোর্টের প্রশ্নের মুখে পড়ে রাজ্য সরকার। আর জি কর হাসপাতালে কর্মরত তরুণী চিকিৎসক ধর্ষণ খুনের মামলার শুনানিতে ফের একবার সুপ্রিম কোর্টে উঠে এল সিভিক ভলেন্টিয়ার প্রসঙ্গ।এদিন সিনিয়র ডাক্তারদের আইনজীবী করুণা নন্দী সিভিকদের নিয়োগ নিয়ে প্রশ্ন তুললে রাজ্যকে একাধিক নির্দেশ দিল সর্বোচ্চ আদালত। কলকাতা এবং রাজ্যে মোট কত সিভিক ভলান্টিয়ার রয়েছে? তাদের যোগ্যতা কী? কোন আইন তাদের নিয়োগ? কীভাবে নিয়োগ করা হয়? তাদের দৈনিক ও মাসিক বেতন কত? রাজ্যের কাছে জানতে চাইল সুপ্রিম কোর্ট। পরবর্তী শুনানিতে এই গোটা বিষয় লিখিত হলফনামা দিয়ে জানানোর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

আদালতে সিনিয়র চিকিৎসকদের আইনজীবীর প্রশ্ন, "যে সিভিক ভলেন্টিয়ার নিয়োগের বিরোধিতা আমরা করেছিলাম, তাদের নিয়োগ কার্যত দ্বিগুণ করে দিয়েছে রাজ্য সরকার। অথচ আগেই কলকাতা হাই কোর্ট এই নিয়োগ নিয়ে আপত্তি জানিয়েছিল।" এদিকে পালটা রাজ্যের আইনজীবী বলেন, দেশের সব হাসপাতালে একই নিয়ম মেনে নিয়োগ করা হয়। দিল্লিতে যে নিয়ম মেনে নিয়োগ হয় কলকাতাতেও একই জিনিস হয়।প্রসঙ্গত, আর জি কর হাসপাতালে তরুণী ডাক্তার ধর্ষণ-খুনের ঘটনায় এখনও পর্যন্ত মূল অভিযুক্ত হিসেবে যাকে চিহ্নিত করা হয়েছে, সেই ব্যক্তি কলকাতা পুলিশের এক সিভিক ভলেন্টিয়ার। এই বিষয়ে এদিন প্রধান বিচারপতি বললেন, অভিযুক্ত একজন সিভিক ভলান্টিয়ার। তাকে কিভাবে নিয়োগ করা হয়েছিল? উত্তরে আইনজীবী বলেন, রাজ্য সরকারের বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ করা হয়েছিল যেই বিজ্ঞপ্তি নিয়ে কলকাতা হাই কোর্টে মামলা হয়েছে। অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায় গার্হস্থ্য হিংসায় অভিযুক্ত বলেও প্রধান বিচারপতিকে জানান আইনজীবী।এর আগের শুনানিতে আদালতে জুনিয়র ডাক্তারদের আইনজীবী ইন্দিরা জয়সিংহ হাসপাতালে চুক্তিভিত্তিক নিরাপত্তারক্ষী মোতায়েন কেন সেই বিষয়ে সওয়াল করেন। পাশাপাশি আর জি কর ঘটনায় মূল অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের কথাও কোর্টে তুলেছিলেন তিনি। চুক্তিভিত্তিক নিরাপত্তারক্ষী মোতায়েন থাকলে নিরাপত্তা কি বজায় থাকবে।

## অসীম শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(চতুর্থ পর্ব)



আমাকে স্বপ্নে আমার ইষ্টদেব আমার ভগবান দর্শন দিয়ে বললেন - আগামীকাল এই গাছের তলায় আমার এক ভক্ত অভুক্ত অবস্থায় থাকবে, তাঁকে তুই অবশ্যই খাওয়াবি। তাঁর নাম স্বামী বিবেকানন্দ। এই বলে লোকটি স্বামীজীকে তার আনা খাবারগুলো গ্রহণ করতে বললেন। স্বামীজী হাসি মুখে তাকে আশির্বাদ করলেন। এই দেখে সেই খাবার খাওয়া ভদ্রলোকটি অবাক। তিনি সঙ্গে সঙ্গে স্বামীজীর কাছে এসে তার পা দুটি জড়িয়ে ধরলেন। এবং বললেন - আমাকে ক্ষমা করুন মহারাজ, আমি নির্বোধ, আমি আপনাকে চিনতে পারিনি। অহংকার বশতঃ আপনাকে অনেক অপমান করেছি। আমাকে আপনি ক্ষমা করুন। স্বামীজী তাকে বুকে জড়িয়ে ধরলেন, এবং বললেন- এই জগতে কাউকে তাচ্ছিল্য করতে নেই।এসব প্রসঙ্গ একটাই কথা বলার ছিল ঈশ্বর চিরকাল বিশ্বজুড়ে ছিল থাকবে আছে। ঈশ্বর ছাড়া জীবের কোন গতি নেই, মা যাকে দিয়ে যা করায়, তাই সে কাজটি করে । মা আজো পশ্চিম বাংলার প্রতিটি ঘরে ঘরে বিরাজমান, তাই বীরভূম জেলার রামপুরহাট থানার অন্তর্গত দ্বারকা নদীর পূর্ব পাড়ে অতীতের চন্ডীপুর আজ তারাপীঠে পরিনত হয়েছে। তবে আগেকার শিমূল গাছ আজ আর নেই। নেই খরস্রোতা দ্বারকা নদীটিও। বর্তমানে মহাশ্মশানের ভয়াবহতাও অনেকটাই কমে গিয়েছে। তবে প্রাচীন কালের মতো আজও দেবীর মাহাত্ম্য অমলিন। তারা মায়ের প্রাচীন মন্দিরটি ধ্বংস হওয়ার পর ১২২৫ বঙ্গাব্দে মল্লারপুরের বাসিন্দা জগন্নাথ রায় আটচালা ইট দিয়ে নতুন মন্দিরটি নির্মান করেন। মন্দিরটির টেরাকোটা শিল্প আজও পর্যটকদের নজর টানে। মন্দিরের প্রবেশপথের খিলানের ওপর দেবী দুর্গার মূর্তি রয়েছে। এছাড়াও বিভিন্ন পৌরাণিক আখ্যানও রয়েছে সারা মন্দির জুড়ে। মন্দিরের উল্টোদিকে আছে চন্ডীমন্ডপ। মূল দেবী এখানে তারা কালী। দেবীর মুখ ছাড়া সারা অঙ্গ কাপড়ে আবৃত। আর অন্তরালে কষ্টিপাথরের শিবঠাকুর বর্তমান। রাত আটটার পর মহাকালী দর্শনের বিশেষ ব্যবস্থা মেলে। এছাড়াও

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

৩ পাতার পর

## স্বাধীনতা আন্দোলন ও দেশ গঠনে চারুচন্দ্র ভাণ্ডারীর অবদান

এলাকায় গ্রাম সেবার কাজে ঝাঁপিয়ে পড়েন। কাকদ্বীপের মধুসূদনপুর গ্রামে সবথেকে ভালো সংগঠন তৈরী হয়। এছাড়া গৌরীপুর, দীঘিরপাড়, কেওড়াতলা, যাদবপুর প্রভৃতি গ্রামেও নানা কার্যক্রম চলতে থাকে। ঘটনাচক্রে পরের বছর মধুসূদনপুর এলাকায় প্রবল খরায় মানুষ প্রভূত ক্ষতির সম্মুখীন হয়। সেই সময় ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের সভাপতিত্বে পশ্চিমবঙ্গ ত্রাণ সমিতি গঠিত হয় এবং চারুচন্দ্র এই সমিতির সদস্য হিসাবে তাঁর সহকর্মীদের নিয়ে ত্রাণ কাজে মানুষের পাশে দাঁড়ান। ১৯৩৬ সালে গৌরীপুরে শুরু করেন সাফাই অভিযান। সর্বোদয় ও ভূদান আন্দোলনের ভাবনা গান্ধীজির মস্তিষ্ক প্রসূত। তিনি ১৯৪০ সালে আচার্য বিনোবা ভাবে-কে প্রথম সত্যাগ্রহী হিসাবে এই কাজের দায়িত্ব দেন। দেশের দুই কোটি নিরন্ন মানুষের জন্য পাঁচ কোটি একর জমি সংগ্রহের লক্ষ্য মাত্রা স্থির হয়। স্বাধীনতার পর আচার্য বিনোবা ভাবে-র নেতৃত্বে ভূদান যজ্ঞ বিশেষ গতি পায়। ১৯৫১ সালে পুরীতে অনুষ্ঠিত সর্বোদয় সম্মেলনে পশ্চিমবঙ্গ ভূদান যজ্ঞ কমিটি গঠিত হয় ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের সভাপতিত্বে। প্রধান সেনাপতি হিসাবে সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেন চারুচন্দ্র ভাণ্ডারী। ১৯৫২ সালের ১০ই মে হটুগঞ্জ আশ্রমে পশ্চিম বঙ্গের প্রথম ভূদান যজ্ঞ বা সম্মেলন অনুষ্ঠিত হয়। এরপর সারা ভারতের বিভিন্ন রাজ্যে, বিশেষতঃ মহারাষ্ট্রের দেওনার ও পাওনার আশ্রমে নানা সময় যেতে হয়। বাংলা-বিহার-ওড়িশায় প্রায় ১৩ বছর ধরে ২২ হাজার মাইল পথ হেঁটে তিনি প্রায় ২৫ হাজার একর জমি সংগ্রহ করেন এবং দরিদ্রতম কৃষকদের মধ্যে তা দান করেন। তাঁরই প্রস্তাবে পশ্চিমবঙ্গ বিধানসভায় ভূদান আইন পাশ হয়। ভূদান আন্দোলনে এটাই তাঁর এক দৃষ্টান্তমূলক পদক্ষেপ। ১৯৪২ সালে ভারত ছাড়ো আন্দোলনে চারুচন্দ্র জীবন পণ করেন। তাঁরই হাতে তৈরী খাদি আশ্রমগুলি হয়ে ওঠে আন্দোলনের কেন্দ্র বিন্দু। তাঁর সহকর্মী অনুগামীরা আন্দোলনের গতি তীব্র করেন। আবার তিনি পুলিশের হাতে গ্রেপ্তার হলেন। এবার প্রায় আড়াই বছর কারাবাস।১৯৪৫ সালে কারামুক্তির পর তাঁর জীবন প্রণালী সম্পূর্ণ পালটে যায়। দেশের অসংখ্য বুভুক্ষু মানুষের প্রতি সহমর্মিতা হেতু তিনি সারাদিনে একবার মাত্র আহার গ্রহণ করতে থাকেন। দুপুরে আহারের পর একটু বিশ্রাম। সারাদিনের কর্মসূচিতে থাকে পড়াশোনা ও লেখালেখির কাজ। আর দেশের মানুষকে সেবার তাগিদে নানা কর্মসূচিতে অংশগ্রহণ।

তাঁরই আহ্বানে গান্ধীজি ১৯৪৫ সালের ২৫ ডিসেম্বর ডায়মণ্ড হারবারে পদার্পণ করেন। বর্তমান এসডিও গ্রাউণ্ড বলে পরিচিত মাঠে বিশাল জনসভা এবং দেশীয় শিল্প-সামগ্রী প্রদর্শনীর আয়োজন করা হয়। চারুচন্দ্রের সঙ্গে গান্ধীজি সমগ্র প্রদর্শনী ঘুরে দেখেন এবং সুশৃঙ্খল সমাবেশ দেখে মুগ্ধ হন। পরবর্তী কালে নানা সময়ে ডায়মণ্ড হারবারের নাগরিকদের পক্ষ থেকে উক্ত স্থান গান্ধী ময়দান হিসাবে স্বীকৃতি পেলেও প্রশাসনিক ভাবে নামকরণের ব্যাপারে আজও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি। উক্ত প্রদর্শনীতে ডায়মণ্ড হারবারের রণজিৎ মণ্ডল নির্মিত একটি কাঠের ঘড়ি বিশেষ দৃষ্টি আকর্ষণ করে। কোন ব্যাটারি বা যন্ত্র চালিত নয়, বায়ু চালিত এই দেওয়াল ঘড়ি টিক টিক করে ঠিক সময় দিয়ে যেত। ১৯৪৬ সালে পূর্ব বাংলার নোয়াখালিতে কুখ্যাত সাম্প্রদায়িক দাঙ্গা বা হিন্দু নিধন কাণ্ডে বিচলিত হয়ে তিনি ত্রাণ ও সেবা কাজের জন্য তাঁরই বিশ্বস্ত বলিষ্ঠ স্বেচ্ছাসেবকদের পাঠিয়ে দেন। এদের মধ্যে উল্লেখযোগ্য হলেন ভূপাল চন্দ্র কামার, সৌরেন্দ্র কুমার বসু, বিশ্বরঞ্জন সেন প্রমুখ। এব্যাপারে সতীশচন্দ্র সামন্ত ছিলেন গান্ধীজির সঙ্গে যোগাযোগের মাধ্যম। সুন্দরবন এলাকায় জোতদার-জমিদারদের অত্যাচারে যখন সাধারণ কৃষক ভাগচাষীরা জর্জরিত তখন অবলীলায় তাদের পাশে দাঁড়িয়েছেন তিনি। সহযোগী হিসাবে পেয়েছেন জেলার আর এক ভূমিপুত্র গণসংগঠনের আধিকারী হংসধ্বজ ধাড়াকে। হিংসার পথ নয়, অহিংস আন্দোলনের মাধ্যমে নৈতিক চেতনা বিকাশে তিনি সমস্যা সমাধানের পথ খুঁজে নেওয়ার পক্ষপাতী। ভূদান যজ্ঞ কি ও কেন, গ্রাম দান, আমাদের জাতীয় শিক্ষা, কে এই বিনোবা, প্রভৃতি প্রায় ১৯ টি পুস্তকের রচয়িতা তিনি। 'যুগের দাবী সর্বোদয় 'চারুচন্দ্র ভাণ্ডারীর একটি উল্লেখযোগ্য গ্রন্থ। কলকাতার কলেজ স্ট্রিট মার্কেটে ছিল সর্বোদয়ের রাজ্য দপ্তর। সেখান থেকে তাঁর সম্পাদনায় দীর্ঘকাল ধরে প্রকাশিত হয়েছে 'সর্বোদয়' নামে সাপ্তাহিক পত্রিকা। মন্ত্রীত্ব করতে গিয়ে কিছু কিছু বিষয়ে তাঁর সঙ্গে রাজনৈতিক দৃষ্টিভঙ্গির পার্থক্য দেখা যায়। কোন আপোষের পথে না গিয়ে তিনি ১৯৫২ সালের ২ রা অক্টোবর বিধান সভা থেকে পদত্যাগ করেন এবং সঙ্গে সঙ্গে সমস্ত রাজনৈতিক কার্যকলাপ থেকে নিজেকে মুক্ত করে নেন। ভূদান ও সর্বোদয় আন্দোলন হয়ে ওঠে তাঁর ধ্যান জ্ঞান। গান্ধীজি প্রতিষ্ঠা করেছিলেন হরিজন সেবক সঙ্ঘ। এবার গান্ধী অনুরাগী ভক্তদের উদ্যোগে গড়ে ওঠে 'গান্ধী সেবা সঙ্ঘ'। চারুচন্দ্রও এই সঙ্ঘের সদস্য হলেন। দান করে দিলেন তাঁর সমস্ত বিষয় সম্পত্তি। নিজের বা সন্তানাদির জন্যও কিছু রাখলেন না। তাইতো তাঁর শেষ জীবনের আশ্রয় ছিল হটুগঞ্জ খাদি আশ্রম। এই স্বদেশ সেবক কর্মযোগীকে স্মরণ করা রাজ্যবাসীর কর্তব্য। কেবল স্বাধীনতা সংগ্রামী বা সর্বোদয় নেতা বা প্রাক্তন মন্ত্রী বলে নয়, ভারত মাতার শৃঙ্খল মোচনে তিনি যেমন ছিলেন একনিষ্ঠ সৈনিক, তেমনি দেশের মানুষের প্রতি ছিল প্রগাঢ় ভালোবাসা। দেশ গঠনে তিনি ছিলেন গান্ধীজি ও বিনোবা ভাবের আদর্শে অনুপ্রাণিত ত্যাগ ও সেবার মূর্ত প্রতীক। তিনি রেখে গেছেন সহজ সরল অকপট মোহমুক্ত এক অম্লান জীবনধারা। তাঁর স্মরণ ও মননে যেকেউ সমৃদ্ধ হতে পারেন। ১৯৮৩ সালে বিনোবা ভাবে-র মৃত্যু, পরের বছর সহকর্মী খগেন্দ্রনাথ মণ্ডলের মৃত্যুর ঘটনাদি তাঁকে শারীরিক ও মানসিক ভাবে বিধ্বস্ত করে তোলে। ধীরে ধীরে বাক শক্তিও ক্ষীণ হতে থাকে। অবশেষে ১৯৮৫ সালের ২৪ শে জুন হটুগঞ্জ খাদি আশ্রম থেকে তাঁর জীবনতরীর শেষ খেয়াটি অমৃত ধামের পথে নিরুদ্বিগ্ন চিত্তে যাত্রা করে।

চারুচন্দ্র ভাণ্ডারী, (১৯/১০/১৮৯৬ ২৪/০৬/১৯৮৫)

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মানুষের সাধনার মধ্যে সিদ্ধ করতে পারে, এ পৃথিবীতে যখন জীব এসেছে তখন তিনি খালি হাতে এসেছি, আর যখন তিনি পৃথিবী ছেড়ে চলে যাবে তখন সে খালি হাতেই যাবে । এটা প্রকৃতির নিয়ম অনুযায়ী হয়ে আসছে। স্রষ্টার সৃষ্টিকে আমরা কোনোভাবেই অস্বীকার করতে পারিনা। সংসার জীবনে সময় সম্পত্তি আসয় বিষয় সবকিছুই যেন একটা পরিপূর্ণ ও নিজে যেন অট্টালিকার পাড়ে বসে থাকি তেমনই আশা মানবহৃদয় জেগে ওঠে।

ক্রমশঃ

৩ পাতার পর

## এবার নিজ্জর খুনে কানাডার পক্ষ নিয়ে কূটনৈতিক লড়াইয়ে যোগ দিলো আমেরিকা

হয়েছিল বলেও দাবি করা হয়েছে একাধিক রিপোর্টে। তাদের প্রত্যেকের বিরুদ্ধেই নিজ্জর খুনে জড়িত থাকার অভিযোগ আনা হয়েছে। পাল্টা দিল্লিতে থাকা কানাডার ৬ কূটনীতিককে দেশ ছাড়তে বলে ভারতের বিদেশমন্ত্রক। এই তালিকায় রয়েছেন ভারপ্রাপ্ত হাই কমিশনার স্টুয়ার্ট রস হুইলার। এই নির্দেশিকা প্রকাশ্যে আসার পরে সাংবাদিকদের মুখোমুখি হন ট্রুডো। সেখানে সাফ জানিয়ে দেন, ভারত যেভাবে কানাডার কূটনীতিকদের প্রতি আচরণ করেছে সেটা একেবারেই মেনে নেওয়া যায় না। টালমাটাল এই পরিস্থিতির মাঝেই এবার কানাডার পক্ষ নিয়ে কূটনৈতিক লড়াইয়ে যোগ দিল আমেরিকা। আমেরিকার প্রশাসনিক কর্তা ম্যাথিউ মিলার বলেন, 'দুই দেশ একে অপরের বিরুদ্ধে প্রকাশ্যে যা অভিযোগ করছে তার বাইরে আমাদের নতুন করে আর কোনও বক্তব্য নেই। আমাদের স্পষ্ট বক্তব্য এই তদন্তে ভারত সহযোগিতা করুক। এবং আগামী দিনেও আমাদের বক্তব্য একই থাকবে।'

## • সতর্কীকরণ •


এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## শ্রী শ্রী লক্ষ্মী পূজার উদ্বোধন করলেন সাংসদ ও বিধায়ক

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন** : বুধবার সন্ধ্যায় নয়াগ্রাম ব্লকের কলমাপুকুরিয়া সার্বজনীন শ্রী শ্রী লক্ষ্মী পূজোর উদ্বোধন করলেন ঝাড়গ্রাম লোকসভার সাংসদ কালীপদ সরেন, নয়াগ্রাম বিধানসভার বিধায়ক দুলাল মুর্মু,নয়াগ্রাম ব্লক তৃনমূল কংগ্রেসের সভাপতি রমেশ রাউৎ, পঞ্চায়েত সমিতির সভাপতি রুপা বেরা, বিশিষ্ট সমাজসেবী গুরুপদ মুর্মু সহ অন্যান্যরা। এদিন ফিতে কেটে ও প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে পুজোর উদ্বোধন হয়। জানা গেছে, কলমাপুকুরিয়া সার্বজনীন শ্রী শ্রী লক্ষ্মী পূজা এই বছর ৩২ তম বর্ষে পদার্পণ করলো। পুজোকে ঘিরে মেতে উঠেছেন এলাকার মানুষজন।

# সিনেমার খবর

## 'এমার্জেন্সি' বিতর্ক ভুলে কঙ্গনার বড় চমক!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** একের পর এক ছবি করছেন। কিন্তু খবরে থাকলেও, বক্স অফিসে কিন্তু হিটের মুখ দেখছেন না কঙ্গনা রনৌত। তার উপর এখন তো আবার রাজনীতি আর ফিল্মি কেরিয়ার পাশাপাশি। বিতর্কও রয়েছে। কিন্তু এসব নিয়ে মাথা ঘামাচ্ছেন না কঙ্গনা। বরং 'এমার্জেন্সি' বিতর্ক ভুলে এবার আরও বড় চমক দিতে তৈরি বলিউড কুইন। ভারতীয় গণমাধ্যমগুলো বলছে, কঙ্গনাকে নাকি এবার দেখা যাবে ট্রিপল রোলে। 'তন্ন' ওয়েডস মন্ন' ৩' ছবিতে এমনই চমক দিতে চলেছেন অভিনেত্রী।

শোনা যাচ্ছে, কঙ্গনার কল্যাণেই নাকি ফের বড়পর্দায় আসতে চলেছে 'তন্ন' ওয়েডস মন্ন'র নতুন সিকুয়েল। চিত্রনাট্য নাকি একদম তৈরি। এমনকি, সেই চিত্রনাট্য পড়ে সবুজ সংকেতও দেখিয়েছেন কঙ্গনা।

শোনা যাচ্ছে, এই ছবিতে আর মাধবনের চরিত্র অর্থাৎ মন্নুকে খুব একটা গুরুত্ব দেওয়া হবে না। বরং 'তন্ন' ওয়েডস মন্ন' ছবিতে কঙ্গনার বাড়ির ভাড়াটে আইনজীবীর চরিত্র চিন্টু কুমারকেই গুরুত্ব দিয়ে গল্প এগোবে। চিত্রনাট্যকার হিমাংশু শর্মা নতুন 'তন্ন' ওয়েডস মন্ন'তে চিন্টু কুমার ও তন্ন' অর্থাৎ কঙ্গনার মধ্যে প্রেমের সম্পর্ক দেখাবেন।

'তন্ন' ওয়েডস মন্ন' আগের দুটো ছবিতে আর মাধবন ও কঙ্গনা জুটির নানা রসায়ন নজরে এসেছিল। তবে নতুন ছবিতে কঙ্গনার সঙ্গে জুটি বাঁধবেন অভিনেতা মহম্মদ জিসান আয়ুব। আগের দুটি ছবিতে জিসানকে দেখা গিয়েছিল আইনজীবী চিন্টু কুমারের চরিত্রে। শোনা যাচ্ছে কঙ্গনার এই নতুন ছবিতে দেখা যেতে পারে দক্ষিণী তারকাকেও।

## অভিনয়ে পা রাখলেন অভিষেককন্যা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এবার অভিনয়ে নাম লেখালেন ওপার বাংলার প্রয়াত অভিনেতা অভিষেক চট্টোপাধ্যায়ের একমাত্র মেয়ে সাইনা চট্টোপাধ্যায়। শোনা যাচ্ছে, 'অনুরাগের ছোঁয়া' নামের একটি ধারাবাহিকে অভিনয় শুরু করেছেন সাইনা। ধারাবাহিকটি প্রযোজনা করছে শ্রী ভেঙ্কটেশ ফিল্মস।

এ প্রসঙ্গে ভারতীয় গণমাধ্যমে অভিষেকের স্ত্রী ও সাইনার মা সংযুক্তা চ্যাটার্জি বলেন, ক্যামেরার সামনে দাঁড়ানোর আগে একটুও ভয় পায়নি সাইনা। বরং সবার সঙ্গে দারুণ মিশে গিয়েছে। দেখে মনে হয়েছে, এটাই যেন তার ঘরবাড়ি!

বাবার পেশা বেছে নেওয়ার বিষয়ে তিনি বলেন, সাইনা যা করবে সেটাই আমরা মেনে নেব, আমাদের এই ভাবনা। তাই ওর অভিনয়ে আসা শুধু আমাদের নয়, ওরও ইচ্ছে ছিল। তাই সুযোগ আসায় আমি আর না করিনি।

সাইনা চ্যাটার্জিকে অডিশন দিতে হয়েছে জানিয়ে সংযুক্তা বলেন, আমরা কোনো দিন কাউকে বলিনি, সাইনা অভিনয়ে আসবে। তাই চ্যানেলের পক্ষ থেকে ফোন আসায় একটু অবাকই হয়েছিলাম। তারপর প্রথম লুক টেস্টের জন্য সেটে নিয়ে মেয়েকে গেলাম। কয়েকটি সংলাপ বলার সঙ্গে সঙ্গে পাস হয়ে গেল!

## বিতর্ক যেন পিছু ছাড়ছে না রিয়া চক্রবর্তীর!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডে অভিনয়ের চেয়ে বিতর্কিত কর্মকাণ্ডের কারণেই বেশি আলোচিত রিয়া চক্রবর্তী। প্রয়াত বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুতের সাবেক প্রেমিকা তিনি। সুশান্তের মৃত্যুর মামলায় তার নামও জড়িয়েছে। মাদক মামলায় তিনি জেলও খেটেছেন।

নির্মাতা মহেশ ভাটের সঙ্গে তার প্রেমের গুঞ্জন ছিল। বিতর্ক ভুলে কাজে ফিরতে শুরু করেছিলেন। এরইমধ্যে ফের বিপাকে রিয়া চক্রবর্তী। জালিয়াতির অভিযোগে অভিনেত্রীকে সমন পাঠাল দিল্লি পুলিশ।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুসারে, জালিয়াতির অভিযোগে অভিনেত্রীকে আইনি নোটিশ পাঠিয়েছেন দিল্লি পুলিশ। একটি অ্যাপ নিয়ে সমস্যার সূত্রপাত, গ্রাহকেরা এই অ্যাপ ব্যবহার করে মোট ৫০০ কোটি টাকা হারিয়েছে বলে অভিযোগ রয়েছে।

উল্লিখিত অ্যাপের স্পন্সর ছিলেন রিয়া, এই অ্যাপের হয়ে প্রচারণাও করেছেন। অর্থ বিনিয়োগ সংক্রান্ত এই অ্যাপের মাধ্যমে কোটি কোটি টাকা হারিয়েছেন ব্যবহারকারীরা, এমনটাই অভিযোগ। এই ঘটনাতেই রিয়াকে তলব করেছে দিল্লি পুলিশ।

তবে শুধু রিয়া নন। এই অ্যাপের হয়ে প্রচার করে বিপাকে পড়েছেন কৌতুকশিল্পী ভারতী সিংহ, ইনফ্লুয়েন্সার এলভিশ যাদবও। তাদেরও পুলিশ জিজ্ঞাসাবাদ করেছে। অসংখ্য ব্যবহারকারীর পক্ষ থেকে অভিযোগের পর পুলিশ এ পদক্ষেপ নিয়েছে। এই অ্যাপ প্রতিশ্রুতি দিয়েছিল, অর্থ বিনিয়োগ করলে তা পরিমাণে কয়েক গুণ বৃদ্ধি পাওয়ার পর ফেরত পাবেন ব্যবহারকারীরা। কিন্তু এমনটা হয়নি। বরং কোটি কোটি টাকা হারিয়েছেন ব্যবহারকারীরা।

সুশান্ত সিংহ রাজপুতের মৃত্যুর পরে বিতর্কে জড়িয়েছিলেন রিয়া। সুশান্তের পরিবারের পক্ষ থেকে আত্মহত্যায় প্ররোচনার অভিযোগ করা হয় রিয়ার বিরুদ্ধে। মাদক সংশ্লিষ্টতা থাকায় গ্রেপ্তারও হয়েছিলেন রিয়া। বেশ কয়েক দিন কারাবাসে থাকেন তিনি। তারপরেও বিনোদন জগৎ থেকে বেশ কিছু দিন দূরে ছিলেন। সম্প্রতি নিজের পডকাস্ট শুরু করেছেন তিনি।

## বিয়ে নিয়ে যা বললেন সালমান খান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ৫৮-তে পা দিয়েও আইবুড়ো সালমান খান! কবে বিয়ে করবেন সালমান, বছরের পর বছর এ প্রশ্ন করে যাচ্ছেন ছবিশিকারিরা। একাধিক অভিনেত্রীর সঙ্গে সম্পর্কে জড়িয়েছেন তিনি। পরিণতি পায়নি একটিও। যদিও সঙ্গীতা বিজলানিকে বিয়ে করবেন মনস্থির করে ফেলেছিলেন। বিয়ের কার্ড পর্যন্ত ছাপা হয়ে যায়। কিন্তু শেষ পর্যন্ত বিয়েটা ভেঙে দেন সঙ্গীতা। তার পর প্রেমের গুঞ্জন শোনা গিয়েছে তবে বিবাহিত তকমা এখনও লাগেনি। অভিনেতার নাকি বিয়ে হওয়া বেশ মুশকিল বলেই জানিয়েছিলেন এক জ্যোতিষী। এ বার 'বিগ বস ১৮' এর মঞ্চে আধ্যাত্মিক গুরু অনিরুদ্ধআর্চাযকে সালমান জানালেন কেমন স্ত্রী চাই তাঁর?

বলিউডে সঙ্গীতা বিজলানি, ঐশ্বরিয়া রায় থেকে ক্যাটরিনা কাইফের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন সালমান। কিন্তু কোনও সম্পর্কই স্থায়ী হয়নি ভাইজানের। ছেলের বিবাহ পরিকল্পনা নিয়ে এক সাক্ষাৎকারে মুখ খুলেছিলেন সালমানের বাবা সেলিম খান। সম্প্রতি আর এক সাক্ষাৎকারে জ্যোতিষী সন্দীপ কোচর দাবি করেছেন অভিনেতার জন্মপঞ্জী নাকি তাঁর হাতে এসেছে। সেই কোষ্টি দেখেই তিনি বলেন, 'সালমানের জীবনে একাধিক নারী সঙ্গ হয়েছে। অনেকেই তাঁকে বিয়ে করতে চেয়েছেন কিন্তু সালমান নিজের মর্জির মালিক। তাঁর মতিগতির সঙ্গে মানিয়ে নেওয়া মুখের কথা নয়।'

এ বার 'বিগ বস্ ১৮' মঞ্চে অতিথি হয়ে আসেন অনিরুদ্ধ আচার্য। সামাজিক যোগাযো মাধ্যমে বেশ ভাইরাল এই গুরু। তিনি বলেন, এ বার মেয়ে খুঁজতে হবে সালমানের জন্য। তাতেই সালমান বলেন, 'না না আর প্রয়েজন নেই।' দমে যান আধ্যাত্মিক গুরু তিনি পাল্টা বলেন, 'এ বার এমন মেয়ে খোঁজা হবে যে পালিয়ে যাবে না।' তাতেই সালমানের উত্তর, 'আমরা তো এমন মেয়ে চাই যে পালিয়ে যাবে।'

## স্বামী ও বোনের কাণ্ড নিয়ে মুখ খুললেন কারিনা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী কারিনা কাপুর। অভিনয়জীবনের ২৫ বছরের দীর্ঘ ক্যারিয়ারে অনেক সফল ও দর্শকপ্রিয় ছবি উপহার দিয়েছেন। মাঝে কিছুটা বিরতি নিলেও ফের নিয়মিত হয়েছে তিনি। সিনেমার প্রচারণা থেকে শুরু করে বিভিন্ন শো'তে দেখা যাচ্ছে তাকে।

সম্প্রতি কপিল শর্মার অনুষ্ঠানে বোন কারিশমা কাপুরের সঙ্গে যোগ দেন কারিনা। সেখানেই সাইফ আলি খানের সঙ্গে রসায়ন নিয়েও কথা বলেন বেবো। সাইফের কাছে নাকি কারিনা আবদার করেছিলেন, ভালবাসলে তার নামে ট্যাটু করতেই হবে।

কারিনা বলেন, 'যদি তুমি আমাকে ভালবাস, তা হলে আমার নামে উল্কি করাও।' সাইফের হাতে কারিনার নামের এই ট্যাটু ভালবাসার চিহ্ন। অভিনেত্রী নিজেই স্পষ্ট করেন। এই অনুষ্ঠানে কারিনা-কারিশমা দুই বোনের রসায়নের আলোচনাও উঠে আসে।

কারিনার ভাষ্য, 'কোথাও যাওয়ার আগে তৈরি হতে কারিশমার অনেকটা সময় লাগে। ফলে আমি বিরক্ত হই।' বোনের এমন অভিযোগ শুনেই চোখে ঘুরিয়ে কারিনার দিকে তাকান কারিশমা।

কিছু দিন আগেই মুক্তি পেয়েছে কারিনার ছবি 'দ্য বাকিংহাম মার্ডার্স'। তবে ছবিটি বক্স অফিসে সেভাবে সাড়া ফেলতে পারেনি। এর আগে 'ক্রু' ছবিতে কৃতি শ্যানন ও তব্বুর সঙ্গে তাকে দেখা গিয়েছিল। সেই ছবি অবশ্য বক্স অফিসে বেশ সাড়া ফেলেছিল।

### গোড়ালির চোটে জার্মানির দল থেকে
## ছিটকে গেলেন হাভার্টজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জার্মানির জন্য দুঃসবাদই বটে। দুর্দান্ত ফর্মে থাকা কাই হাভার্টজকে পাওয়া যাবেন উয়েফা নেশন্স লীগে পাচ্ছেনা দলটি।হাঁটুর চোটে জাতীয় দল থেকে ছিটকে গেছেন আর্সেনালের এই ফরোয়ার্ড।

প্রিমিয়ার লিগে শনিবার সাউথ্যাম্পটনের বিপক্ষে আর্সেনালের ৩-১ গোলে জেতা ম্যাচের পুরোটা সময় খেলেন হাভার্টজ। একটি গোলও করেন তিনি।

পরদিন দলের সামাজিক যোগাযোগের মাধ্যমে এই তারকার চোটের কথা জানায় জার্মানি। তার বদলি হিসেবে ২৪ বছর বয়সী ফরোয়ার্ড ইউনাটান বুখহার্টকে দলে ডেকেছেন কোচ ইউলিয়ান নাগেলসমান।

জার্মানির কোচ ইউলিয়ান নাগেলসম্যান হাভার্টজের বদলি হিসেবে এরই মধ্যে মেইঞ্জের ফরোয়ার্ড জোনাথন বুরকার্ডকে দলে ডেকেছেন।

হাভার্টজকে হারিয়ে নাগেলসম্যান বেশ বেকায়দায় পড়েছেন। নিতম্ব এবং অ্যাঙ্কেলের চোটে বায়ার্নের জামাল মুসিয়ালা এবং ওয়েস্ট হ্যামের নিকলাস ফুলক্রুগ আগেই ছিটকে গেছেন। বাধ্য হয়ে তাকে এখন নতুন করে আক্রমণভাগ সাজাতে হবে। বেয়ার লেভারকুসেনের ফ্লোরিয়ান রিটজ এবং স্টুটগার্টের দেনিজ উন্দাভকে ফরোয়ার্ড হিসেবে খেলাতে পারেন জার্মান কোচ।

হাভার্টজের বদলি হিসেবে ডাক পাওয়া বুরকার্ড গতকাল সেন্ট পাওলিতে বুন্দেসলিগার ম্যাচে জোড়া গোল করেছেন। তিনি ছাড়াও দলে নতুন খেলোয়াড় হিসেবে আরও জায়গা পেয়েছেন বরুশিয়া মনশেনগ্লাডবাচের ফরোয়ার্ড টিম ক্লেইন্ডিয়েনশট এবং স্টুটগার্টের জেমি লেউইলিং।

# ৩২ মিনিটেই লেভার দুর্দান্ত হ্যাটট্রিক বার্সার অনায়াস জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগের ম্যাচে চ্যাম্পিয়নস লিগে ইয়াং বয়েজকে ৫-০ গোলে উড়িয়ে দেয়ার আত্মবিশ্বাস নিয়েই কাল মাঠে নেমেছিল বার্সালোনা। যেখানে আরও একটি গোল উৎসবের আভাস দিচ্ছিল। সেটি না হলেও অনায়াস জয় পেয়েছে বার্সা।

আলাভেসের মাঠে লা লিগার ম্যাচটি ৩-০ গোলে জিতেছে বার্সেলোনা।

আগের ম্যাচের নায়ক রবার্ট লেভান্ডোফস্কি এদিন ছিল আরও ক্ষিপ্র।ক্লাব ইয়াং বয়েজের বিপক্ষে জোড়া গোল করা লেভা আজ করেছেন হ্যাটট্রিক। সেই হ্যাটট্রিকটাও ম্যাচ শুরুর ৩২ মিনিটের মধ্যে পেয়ে যান পোলিশ তারকা।

লা লিগায় বার্সার ইতিহাসে এটি চতুর্থ দ্রুততম হ্যাটট্রিক। ৭ মিনিটে প্রথম গোল করা লেভা ২২ ও ৩২ মিনিটে পেয়েছেন পরের দুটি গোল।

গোল না করলেও এই ম্যাচে বড় ভূমিকা ছিল রাফিনিয়ার। ব্রাজিলিয়ান উইঙ্গারের পাস থেকেই প্রথম দুটি গোল করেছেন লেভা।ম্যাচের ৭ মিনিটে রাফিনিয়ার ফ্রি কিক থেকে নিখুঁত এক হেডে লেভানডভস্কি দলের প্রথম গোলটি করেন।৩৬ বছর বয়সী লেভা দ্বিতীয় গোলটি করেন বাঁ প্রান্ত থেকে রাফিনিয়ার ক্রস থেকে। লেভা হ্যাটট্রিক পুরো করেন এরিক গার্সিয়ার পাস থেকে। এ মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে বার্সার হয়ে১২ গোল করেছেন লেভা।

আর ৩২ মিনিটে হ্যাটট্রিক পূর্ণ করেন তিনি। হ্যাটট্রিক গোলে সহায়তা করেন এরিক গার্সিয়া। পরে আরও গোল ব্যবধান বাড়ানোর সুযোগ পেলে তা কাজে লাগাতে পারেনি বার্সেলোনা। অন্যদিকে গোল শোধ দেওয়ার বেশ কটি সুযোগ পেলেও পোস্ট এবং বার্সেলোনার গোলরক্ষক ইনাকি পিনা আলাভাসের সামনে প্রাচীর হয়ে দাঁড়ায়। ৩-০ ব্যবধানের জয়ে ৮ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে তালিকার শীর্ষে বার্সা।

# ঘুরে দাঁড়িয়ে জিতল সিটি-আর্সেনাল, মেসিরা উড়ছেন, ছুটছেন রোনালদোও




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দলের সিনিয়র সব খেলোয়াড়দেরই বিশ্রাম দিয়ে বেঞ্চে রেখে দল সাজিয়েছিল ইন্টার মায়ামি। কিন্তু ড্রয়ের দিকে যাওয়ার পথে শেষ দিকে লিওনেল মেসি, লুইস সুয়ারেজদের মাঠে নামান কোচ জেরার্ডো মার্তিনো। তবুও গোল মিলছিল না। তবে একেবারে অন্তিম মুহূর্তে পায় কাক্সিক্ষত গোল। তাতে টিকে মেজর লিগ সকারে (এমএলএস) মেসিরদের রেকর্ড গড়ার আশা। বাংলাদেশ সময় গতকাল সকালে টরন্টোর বিএমও ফিল্ডে স্বাগতিকদের ১-০ গোলে হারিয়েছে ইন্টার মায়ামি। ম্যাচের যোগ করার সময়ের তৃতীয় মিনিটে লুইস সুয়ারেজের পাসে জয়সূচক গোলটি করেন লিওনার্দো কাম্পানা।

এই জয়ে লিগের ইস্টার্ন কনফারেন্সে ৩৩ ম্যাচে ৭১ পয়েন্ট হলো মায়ামির। এমএলএসে সবচেয়ে বেশি পয়েন্ট পাওয়া থেকে দুই পয়েন্ট দূরে তারা। ২০২১ সালে নিয়মিত মৌসুমে এক আসরে সবচেয়ে ৭৩ পয়েন্ট পেয়েছিল নিউ ইংল্যান্ড। শেষ ম্যাচটি জিতলেই নতুন রেকর্ড হবে মেসিদের। আর এই রেকর্ডটি গড়তে হবে সেই নিউ ইংল্যান্ডকে হারিয়েই। আগামী ১৯ অক্টোবর রেকর্ডের পথে নিয়মিত মৌসুমের শেষ দিনে নিজেদের মাঠে নিউ ইংল্যান্ডকে সামনে পাচ্ছে এরমধ্যেই সাপোর্টার্স শিল্ড জিতে নেওয়া দলটি।

মেসিদের দিনে গোল পেয়েছেন ক্রিস্টিয়ানো রোনালদোও। এই গোলের সঙ্গে সাদিও মানের জোড়া গোল মিলিয়ে সউদী প্রো লিগে আল ওরোউবাকে ৩-০ ব্যবধানে হারিয়েছে তার দল আল নাসর। পেনাল্টি থেকে গোলটি করেছেন রোনালদো। চলতি মৌসুমে আল নাসরে এটি ছিল তার ৮ নম্বর গোল আর টানা চতুর্থ। ক্লাব ও আন্তর্জাতিক ফুটবল মিলিয়ে ক্যারিয়ারে ১০০০ গোলের স্বপ্ন দেখা রোনালদোর এটা ৯০৫তম গোল। মানের প্রথম গোলেও ছিল রোনালদোর ছোঁয়া। সব মিলিয়ে এ মৌসুমে আল নাসরে এটি তার দ্বিতীয় গোলে সহায়তা। সব মিলিয়ে চলতি মৌসুমে আল নাসরের হয়ে ৯ ম্যাচ খেলেছেন পর্তুগিজ তারকা। ৭১ মিনিটে আল নাসরের তৃতীয় গোলটিও করেন সেনেগালিজ ফরোয়ার্ড মানে।

এদিকে, টানা দুই ড্রয়ের পর জয়ের স্বাদ পেল ম্যানচেস্টার সিটি। টানা দ্বিতীয় জয় পেল আর্সেনাল। পিছিয়ে পড়ার পরও দারুণ জয়ে লিভারপুলের সঙ্গে ব্যবধান ফের ১ পয়েন্টে নামিয়ে আনল ইংলিশ প্রিমিয়ার লিগের শিরোপাপ্রত্যাশী দল দুটি।

গতপরশু রাতে ফুলহ্যামের বিপক্ষে ঘরের মাঠে ৩-২ গোলে জিতেছে সিটি। নিজেদের মাঠে সাউদাম্পটনকে ৩-১ গোলে হারিয়েছে আর্সেনাল। ৭ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে চূড়ায় আছে আর্না সম্লটের দল।

চোটের জন্য স্প্যানিশ মিডফিল্ডার রদ্রিকে হারানোর পর লিগে প্রথম জয়ে দ্বিতীয় স্থান ধরে রেখেছে সিটি। ৭ ম্যাচে গত চার আসরের চ্যাম্পিয়নদের পয়েন্ট ১৭। সমান পয়েন্ট হলেও গোলের হিসেবে পিছিয়ে তৃতীয় স্থানে আছে আর্সেনাল। ইতিহাদ স্টেডিয়ামে ২৬তম মিনিটে আন্দ্রেয়াস পেরেইরার গোলে এগিয়ে যায় ফুলহ্যাম। মাতেও কোভাচিচের নৈপুণ্যে ঘুরে দাঁড়ায় পেপ গার্দিওলার দল। ৩২তম মিনিটে সমতা ফেরান কোভাচিচ। দ্বিতীয়ার্ধের শুরুতে নিজের দ্বিতীয় গোলে তিনি এগিয়ে নেন দলকে। ৮২তম মিনিটে স্কোরলাইন ৩-১ করে ফেলেন জেরেমি ডোকু। ৮৮তম মিনিটে রদ্রিগো মুনিসের গোলে ব্যবধান কমিয়ে নাটকীয়তার আভাস দেয় ফুলহ্যাম। তবে স্নায়ুচাপের শেষ সময়টুকু কোনো ক্ষতি ছাড়াই পার করে দেয় সিটি। পায় আসরে পঞ্চম জয়।

আর এমিরেটস স্টেডিয়ামে চারটি গোলই হয় দ্বিতীয়ার্ধে। বিরতির পর বদলি নামা ক্যামেরন আর্চারের গোলে ৫৫তম মিনিটে এগিয়ে যায় সাউদাম্পটন। সমতা ফেরাতে বেশি সময় নেয়নি আর্সেনাল। ৫৮তম মিনিটে জালের দেখা পান কাই হাভার্টজ। ১০ মিনিট পর মিকেল আর্তেতার দলকে এগিয়ে নেন গাব্রিয়েল মার্তিনেল্লি। পরে ৮৮তম মিনিটে ব্যবধান আরও বাড়ান বুকায়ো সাকা।

# বাংলাদেশ সিরিজ থেকে
## ছিটকে গেলেন শিভাম দুবে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পিঠের চোটে সিরিজ থেকে ছিটকে গেছেন শিভাম দুবে। শনিবার ভারতীয় ক্রিকেট বোর্ড জানিয়েছে, একই কারণে ইরানি কাপে মুম্বাইয়ের হয়ে খেলতে পারেননি দুবে। তার বদলে ডাক পেয়েছেন আরেক বাঁহাতি ব্যাটার তিলক ভার্মা।

গত আইপিএলে চেন্নাই সুপার কিংসের হয়ে ভাল খেলায় ভারতের টি-টোয়েন্টি বিশ্বকাপের দলে সুযোগ পান দুবে। ভারতের হয়ে প্রতিটি ম্যাচেই খেলেছেন তিনি। ফাইনালে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ১৬ বলে ২৭ রান করেন বাঁহাতি এই ব্যাটার। তার পরিবর্তে বাংলাদেশ সিরিজে সুযোগ পাওয়া ভার্মা ১৬ টি-টোয়েন্টি খেলে করেছেন ৩৩৬ রান।

টি-টোয়েন্টি সিরিজের ভারত দল: সূর্যকুমার যাদব (অধিনায়ক), অভিষেক শর্মা, সাঞ্জু স্যামসন, রিংকু সিং, হার্দিক পান্ডিয়া, রিয়ান পরাগ, নিতিশ কুমার, ওয়াশিংটন সুন্দর, রবি বিষ্ণয়, বরুণ চক্রবর্তী, জিতেশ শর্মা, অর্শদীপ সিং, হারশিত রানা, মায়াঙ্ক যাদব ও তিলক ভার্মা।

# ফুটসাল ফাইনাল
## আর্জেন্টিনার হৃদয় ভেঙে ব্রাজিলের 'হেক্সা'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফিফা ফুটসাল বিশ্বকাপের ফাইনালে আর্জেন্টিনাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে ব্রাজিল। উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে ম্যাচের নির্ধারিত সময় শেষে স্কোরলাইন দাঁড়ায় ২-১। এ নিয়ে ফুটসাল বিশ্বকাপে দশম আসরের মধ্যে ষষ্ঠবার চ্যাম্পিয়ন হয়ে হেক্সা মিশন সম্পন্ন করল সেলেসাওরা। ফুটসালে একবার চ্যাম্পিয়ন হয়েছে আর্জেন্টিনা।

আরাধ্য ষষ্ঠ শিরোপা মিশন 'হেক্সা' ব্রাজিল জাতীয় ফুটবল দল না পারলেও দেশটির জাতীয় ফুটসাল দল ঠিকই পেরেছে।তাও ফাইনালে চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনাকে হারিয়ে।

ফাইনালে প্রথমার্ধের ১৫ মিনিটে ডি বক্সের ঠিক বাইরে ফাউল আদায় করে নেয় ব্রাজিল। কিকে বল যায় রাইট উইঙ্গার ফেরাওয়ের কাছে, আলতো করে বল ক্রসে ম্যাচের প্রথম গোল আদায় করে নেয় ব্রাজিল।

পরের মিনিটে সমতার দারুণ সুযোগ পায় আর্জেন্টিনা। ব্রাজিল গোলকিপারের দারুণ দৃঢ়তায় সে যাত্রায় বেঁচে যায় সেলেসাও দল। বিরতির আগের নবম মিনিটে ব্যবধান দ্বিগুণ করে ব্রাজিল। গোল করেন রাফা।

প্রথমার্ধে স্পষ্ট প্রাধান্য বিস্তার করে খেলছে আর্জেন্টিনা। কিন্তু ব্রাজিল দুটি সুযোগ কাজে লাগালেও গোল শোধে মরিয়া আর্জেন্টিনা কয়েকদফা চেষ্টার পরও পারেনি। ব্রাজিল গোলরক্ষকের দৃঢ়তায় কোনো বিপদ ছাড়াই ২-০তে এগিয়ে বিরতিতে যায়।

দ্বিতীয়ার্ধে নেমেও দারুণ কিছু সুযোগ তৈরি করে আর্জেন্টিনা। তবে ব্রাজিলের ইস্পাতদৃঢ় রক্ষণে কোনভাবেই চিঁড় ধরাতে পারেনি আলবিসেলেস্তেরা। খেলা শেষ হওয়ার দুই মিনিট আগে প্রথম গোলের দেখা পায় আর্জেন্টিনা, স্কোর দাঁড়ায় ২-১। শেষপর্যন্ত কোনো দলই আর গোল করতে পারেনি। ওই ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে ব্রাজিল। ফুটসালে সম্পন্ন হয় দলটির মিশন হেক্সা।

বিশ্ব ফুটবলের অভিভাবক সংস্থা ফিফার আয়োজিত টুর্নামেন্টটির ১০ আসরের মধ্যে সাতবারই ফাইনাল খেলে ব্রাজিল। এর মধ্যে ছয়বার শিরোপা ঘরে তুলে।

### ইউনাইটেডের আরও এক
## বিবর্ণ পারফরম্যান্সের পরেও আত্মবিশ্বাসী টেন হেগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রিমিয়ার লীগে এখন পর্যন্ত সাতটি ম্যাচ খেলেছে ম্যানচেস্টার ইউনাইটেড।যার মধ্যে পাঁচটিতে রেড ডেভিলসরা ছিল জয়হীন,তিনটিতে দেখেছে হারের মুখ।৭ ম্যাচে কেবল ৮ পয়েন্ট নিয়ে দলটির অবস্থান পয়েন্ট তালিকার ১৪ তম স্থানে! ব্যর্থতার বৃত্ত থেকে রবিবারও বের হতে পারেনি ইউনাইটেড। অ্যাস্টন ভিলার মাঠে লীগ ম্যাচটি ড্র করেছে গোলশুন্য সমতায়।

লিগে টানা তিন ম্যাচ জয়শূন্য রইল ইউনাইটেড; এই তিন ম্যাচের কোনোটিতেই জালের দেখা পায়নি তারা। আর সব প্রতিযোগিতা মিলিয়ে দলটি জয়ের দেখা পেল না টানা পাঁচ ম্যাচে।

আক্রমণে ম্যাচজুড়ে সাদামাটা ছিল রেড ডেভিলসরা।র‍্যাশফোর্ডরা দু-একটি ভালো সুযোগ তৈরী করলেও অ্যাস্টন ভিলার গোলরক্ষক এমি মার্টিনেজ বীরত্বে জালের দেখা পাননি।পয়েন্ট হারানোর পাশাপাশি এই ম্যাচে আরেকটি ধাক্কা খেয়েছে ইউনাইটেড, ম্যাচের মাঝপথে চোট পেয়ে চিকিৎসকের সহায়তায় মাঠ ছেড়ে যান অভিজ্ঞ ডিফেন্ডার হ্যারি ম্যাগুইয়ার।

প্রিমিয়ার লীগে ৩৫ বছরের ইতিহাসে এমন বিবর্ণ শুরর পরেও কোচ হিসবে দায়িত্ব চালিয়ে যাওয়ার ব্যাপারে আত্মবিশ্বাসী এরিক টেন হেগ।ম্যাচ শেষে তার নড়বড়ে পদ নিয়ে প্রশ্নের জবাবে হেগ জানান, দলটির মালিক পক্ষ এখনো তার উপরই 'আস্থা' রাখছেন।



■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR